



ইরান-যুক্তরাষ্ট্র উত্তেজনা কমাতে তেহরানে যাচ্ছেন আসিম মুনির



পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনির। ছবি: সংগৃহীত

আঞ্চলিক শান্তি ও নিরাপত্তা পরিস্থিতি নিয়ে আলোচনা করতে সোমবার (২৪ আগস্ট) ইরানের রাজধানী তেহরান সফরে যাচ্ছেন পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনির। তাঁর সফরের বিষয়টি নিশ্চিত করেছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘেই।

রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, পাকিস্তান সরকারের দুটি সূত্রও আসিম মুনিরের তেহরান সফরের বিষয়টি নিশ্চিত করেছে। একটি সূত্র জানায়, ইরান ও পাকিস্তানের মধ্যে এ বিষয়ে সরাসরি যোগাযোগ রয়েছে।

পাকিস্তানের দ্বিতীয় সরকারি সূত্রের তথ্য অনুযায়ী, সফরে ইরানের সঙ্গে চলমান সংঘাতের পরিস্থিতি নিয়ে আলোচনা হতে পারে। একই সঙ্গে ইরানের বিরুদ্ধে আরও কঠোর নিষেধাজ্ঞা আরোপের বিষয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দেওয়া হুমকিও আলোচনায় গুরুত্ব পেতে পারে।

আসিম মুনির ইরানের নেতাদের সঙ্গে বৈঠকে আঞ্চলিক শান্তি ও নিরাপত্তার পাশাপাশি ট্রাম্পের সাম্প্রতিক সতর্কবার্তা নিয়ে কথা বলবেন বলে জানা গেছে। এ ছাড়া পাকিস্তান, তুরস্ক ও সৌদি আরবের মধ্যে হওয়া চুক্তির পরবর্তী পরিস্থিতি এবং হতিদের বিষয়ও আলোচনায় আসতে পারে।

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চলমান উত্তেজনা কমাতে পাকিস্তান ইতোমধ্যে মধ্যস্থতার উদ্যোগ নিয়েছে। গত ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানে হামলার পর শুরু হওয়া সংঘাত বন্ধে দুই দেশের মধ্যে আলোচনায় পাকিস্তান মধ্যস্থতাকারীর ভূমিকা পালন করছে।